

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

বড শিৰ্ক

উক্ত শির্ক এতে লিপ্ত যে কোন ব্যক্তিকে ইসলামের গন্ডী থেকেই বের করে দেয়। আল্লাহ্ তা'আলা তাওবা ছাড়া এ ধরনের শির্ক কখনো ক্ষমা করবেন না।

তিনি বলেন

□إِنَّ اللهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُوْنَ ذَلِكَ لِمَنْ يَّشَآءُ□

"নিশ্চয়ই আল্লাহ তা'আলা তাঁর সাথে কাউকে শরীক করা কখনো ক্ষমা করবেন না। তবে তিনি এ ছাড়া অন্যান্য সকল গুনাহ যাকে ইচ্ছে ক্ষমা করে দিবেন"। (নিসা: ৪৮)

এ ধরনের শির্কে লিপ্ত ব্যক্তির জন্য জান্নাত হারাম। জাহান্নামই হবে তার চিরস্থায়ী ঠিকানা। আল্লাহ তা'আলা বলেন:

□إِنَّهُ مَنْ يُشْرِكْ بِاللهِ فَقَدْ حَرَّمَ اللهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَأْوَاهُ النَّارُ، وَمَا لِلظَّالِمِيْنَ مِنْ أَنْصَارٍ □

"নিশ্চয়ই যে ব্যক্তি আল্লাহ তা'আলার সাথে কাউকে শরীক করে আল্লাহ তা'আলা তার উপর জান্নাতকে হারাম করে দেন এবং জাহান্নামকে করেন তার চিরস্থায়ী ঠিকানা। আর এরূপ অত্যাচারীদের তখন আর কোন সাহায্যকারী থাকবে না"। (মায়িদাহ: ৭২)

বড শির্কগুলো সংক্ষিপ্তাকারে নিম্নরূপ:

- ১. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কাউকে আহবান করার শির্ক।
- ২. বিপদের সময় একমাত্র আল্লাহ্ তা আলা ছাড়া অন্য কারোর নিকট ফরিয়াদ করার শির্ক।
- ৩. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কারোর নিকট আশ্রয় প্রার্থনার শির্ক।
- ৪. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কারোর নিকট আশা ও বাসনার শির্ক।
- ৫. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কারোর নিকট সাহায্য প্রার্থনার শির্ক।
- ৬. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কারোর জন্য রুকু, সিজ্দাহ্, তার সামনে বিন্মভাবে দাঁড়ানো, নামায ইত্যাদির শির্ক।
- ৭. একমাত্র আল্লাহ্ তা'আলার ঘর কা'বাহ্ শরীফ ছাড়া অন্য কোন ঘর বা মাযারের তাওয়াফ করার শির্ক।
- ৮. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কারোর নিকট তাওবাহ্ করার শির্ক।
- ৯. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কারোর জন্য কোন পশু জবাইয়ের শির্ক।



- ১০. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কারোর জন্য কোন কিছু মানত করার শির্ক।
- একমাত্র আল্লাহ তা'আলা ছাড়া অন্য কারোর একচ্ছত্র আনুগত্য করার শির্ক।
- ১২. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কাউকে এককভাবে ভালোবাসার শির্ক।
- ১৩. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কাউকে এককভাবে ভয় করার শির্ক।
- ১৪. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কারোর উপর সম্পূর্ণরূপে নির্ভরতা বা তাওয়াকুলের শির্ক।
- ১৫. একমাত্র আল্লাহ্ তা'আলার অনুমতি ছাড়া অন্য কেউ কারোর জন্য কিয়ামতের দিন সুপারিশ করতে পারে এমন মনে করার শির্ক।
- ১৬. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কেউ কাউকে হিদায়াত দিতে পারে এমন মনে করার শির্ক।
- ১৭. কবর পূজার শির্ক।
- ১৮. আল্লাহ তা'আলা নিজ সত্তা সহ সর্বস্থানে রয়েছেন এমন মনে করার শির্ক।
- ১৯. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও বিশ্ব পরিচালনায় অন্য কারোর হাত রয়েছে এমন মনে করার শির্ক।
- ২০. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও অন্য কোন ব্যক্তি বা দল শরীয়তের বিশুদ্ধ কোন প্রমাণ ছাড়া নিজ মেধা ও বুদ্ধির আলোকে কোন জাতি বা সম্প্রদায়ের জন্য জীবন বিধান রচনা করতে পারে এমন মনে করার শির্ক।
- ২১. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও কেউ কাউকে ধনী বা গরিব বানাতে পারে এমন মনে করার শির্ক।
- ২২. কিয়ামতের দিন আল্লাহ্ তা'আলার কাছ থেকে কেউ কারোর গুনাহ্সমূহ ক্ষমা করিয়ে নিতে পারবে এমন মনে করার শির্ক।
- ২৩. কিয়ামতের দিন কেউ কাউকে আল্লাহ্ তা'আলার কঠিন আযাব থেকে রক্ষা করতে পারবে এমন মনে করার শির্ক।
- ২৪. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও অন্য কোন গাউস-কুতুব দুনিয়া, আখিরাত, জান্নাত, জাহান্নাম, লাওহ্, কলম, 'আর্শ, কুর্সী তথা সর্ব স্থানের সর্ব কিছু দেখে বা শুনে এমন মনে করার শির্ক।
- ২৫. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও অন্য কেউ গায়েব জানে বা কখনো কখনো তার কাশ্ফ হয় এমন মনে করার শির্ক।
- ২৬. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও অন্য কেউ কারোর অন্তরের লুক্কায়িত কথা বলে দিতে পারে এমন মনে করার শির্ক।
- ২৭. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও অন্য কেউ কাউকে রাষ্ট্রীয় ক্ষমতা দিতে পারে এমন মনে করার শির্ক।
- ২৮. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও অন্য কেউ কারোর অন্তরের সামান্যটুকু পরিবর্তন ঘটাতে পারে এমন মনে করার শির্ক।
- ২৯. একমাত্র আল্লাহ তা'আলার ঘর মসজিদ ছাড়াও অন্য কোন মাজারের খাদিম হওয়া যায় এমন মনে



করার শির্ক।

- ৩০. একমাত্র আল্লাহ্ তা'আলার ইচ্ছা ছাড়াও অন্য কারোর ইচ্ছা স্বকীয়ভাবে প্রতিষ্ঠিত হতে পারে এমন মনে করার শির্ক।
- ৩১. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও কেউ কাউকে সন্তান-সন্ততি দিতে পারে এমন মনে করার শির্ক।
- ৩২. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও কেউ কাউকে সুস্থতা দিতে পারে এমন মনে করার শির্ক।
- ৩৩. একমাত্র আল্লাহ্ তা'আলার তাওফীক ছাড়াও কেউ ইচ্ছে করলেই কোন নেক আমল করতে পারে এমন মনে করার শির্ক।
- ৩৪. একমাত্র আল্লাহ্ তা'আলার ইচ্ছা ছাড়াও কেউ কারোর কোন লাভ বা ক্ষতি করতে পারে এমন মনে করার শির্ক।
- ৩৫. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও কেউ কাউকে জীবন বা মৃত্যু দিতে পারে এমন মনে করার শির্ক। ৩৬. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও অন্য কোন ব্যক্তি সর্বদা জীবিত রয়েছে বা থাকবে এমন মনে করার শির্ক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6632

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন